গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়: **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আকরাম-আল-হোসেন<br>সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| স্থান | : | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| তারিখ | : | ২৯.০৭.২০২০ খ্রিঃ |
| সময় | : | বিকাল ০৪:০০ ঘটিকা |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণের লক্ষ্যে ১৬ জুলাই ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহ কর্তৃক দিবসটি পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করার লক্ষ্যে অদ্যকার ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে দিবসটি পালনের উদ্দেশ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয়, আনন্দ স্কুল ও শিশু কল্যাণ ট্রাস্টের স্কুলসমূহে ১৫ আগস্ট ২০২০ তারিখে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| ২. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার এবং পিটিআইসমূহের মসজিদে বাদ যোহর সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে বিশেষ মোনাজাত অনুষ্ঠানের আয়োজন। | ডিজি; ডিপিই, ও ডিজি, নেপ। |
| ৩. | জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ করবে। পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করবে। শিক্ষা প্রতিষ্ঠান/ গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | (ক) প্রাথমিক বিদ্যালয়ে পোস্টার বিতরণ করতে হবে।<br>(খ) তথ্য মন্ত্রণালয়ে ২,১০,০০০টি পোস্টারের চাহিদা পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ডিপিইও এবং ইউইওগণ জেলা তথ্য অফিস হতে পোস্টার গ্রহণ করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি, ডিপিই, বিএনএফই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক ও উপসচিব (প্রশাসন-২)। |

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪. | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকরি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সকল প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা প্রতিযোগিতা, পঠন দক্ষতার প্রতিযোগিতা, হামদ্ ও নাত্ প্রতিযোগিতা ও দোয়া মাহফিলের আয়োজন। | ডিজি; ডিপিই, বিএনএফই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয় সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। | সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন। | ডিজি; ডিপিই। |
| ৫. | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। | জেলা ও উপজেলার স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।<br>ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী ও আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণে বিকাল ৪:০০টায় বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ভার্চুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান আয়োজন।<br>জেলা ও উপজেলাতে শিক্ষকদের নিয়ে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন। | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| ৬. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমের পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য বর্ণিত গ্রন্থসমূহ ক্রয় ও পঠনের ব্যবস্থা গ্রহণ। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল প্রতিযোগিতায় বর্ণিত গ্রন্থসমূহ উপহার হিসেবে প্রদান। | ডিজি, ডিপিই। |

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, জেলা ও উপজেলায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২,০০০/- (দুই হাজার) টাকা করে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ। | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) এবং ডিজি; ডিপিই। |
| ৮. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতিপূর্ণ কর্মসূচি সকল মন্ত্রণালয়/বিভাগ ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আয়োজন করবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতিপূর্ণ কর্মসূচি সকল দপ্তর/সংস্থা ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আয়োজন করবে। | ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| ৯. | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কমিটি গঠন সংক্রান্ত। | ১৫ আগস্ট ২০২০ তারিখ জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। জনাব মোঃ জাকির হোসেন এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- উপদেষ্টা।<br>২। জনাব মোঃ আকরাম-আল-হোসেন, সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- সভাপতি<br>৩। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- সদস্য<br>৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- সদস্য<br>৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর- সদস্য<br>৬। মহাপরিচালক, বিএনএফই- সদস্য<br>৭। মহাপরিচালক,সিপিইআইএমইউ- সদস্য<br>৮। মহাপরিচালক, নেপ- সদস্য<br>৯। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট- সদস্য<br>১০। যুগ্মসচিব (সকল)- সদস্য<br>১১। ডিডি, প্রাথমিক শিক্ষা, ঢাকা- সদস্য<br>১২। ডিপিইও, ঢাকা- সদস্য<br>১৩। সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই- সদস্য<br>১৪। উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- সদস্য সচিব | মন্তব্য: ডিজি; ডিপিই কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে। |

০২। জাতীয় শোক দিবস ২০২০ এর গৃহীত কর্মসূচি পালনের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণ তাঁদের অধীনস্থ অফিসসমূহের সাথে প্রয়োজনীয় সমন্বয়, নির্দেশনা ও কর্মসূচি বাস্তবায়ন করবেন।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/=
৩০/০৭/২০২০
(মোঃ আকরাম-আল-হোসেন)
সিনিয়র সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৬৮০

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৭ / ৩০ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন/ বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৯. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৩. প্রকল্প পরিচালক, রস্ক, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৪. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপসচিব (সকল)/উপপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
১৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
২০. সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই, ঢাকা।
২১. জনাব ..............................................................................................।
২২. অফিস কপি।

মাহবুবুর রশীদ ৩০/০৭/২০২০

( ড. মোঃ মাহবুবুর রশীদ )
উপসচিব